

শিক্ষাঙ্গন

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা জটিলতা-মুক্ত করুন

আমরা একটি বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম যে, আমরা যার সনাতন পদ্ধতিতে এম, এস, এস শেষ পর্ব পরীক্ষা দিতে যাচ্ছি, তাদের জন্য আর এক ধরনের নতুন নিয়ম প্রবর্তিত হতে যাচ্ছে। ইতিপূর্বে আমাদের ৭৫ মার্ক টিউটোরিয়াল এবং ২৫ মার্ক সংরক্ষিত ছিল। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ১৯৮৪ সালের পরীক্ষা-সিলেবাসেও সেই বিধান রয়েছে (যা '৮৭ সালে অনুষ্ঠিত হবে)। কিন্তু শুনছি যে, তদস্থলে টিউটোরিয়ালের জন্য ৫০ মার্ক করার চেষ্টা চলছে। বিশ্ববিদ্যালয়ের শুধুমাত্র সমাজবিজ্ঞান অনুষদের এই সিদ্ধান্ত

আমাদের হতাশ করেছে। এ সিদ্ধান্ত কেনই বা নেয়া হচ্ছে তাও আমাদের বোধগম্য নয়। আমরা মনে করি এতে কল্যাণের চেয়ে জটিলতা বা অকল্যাণের সম্ভাবনাই বেশী। কারণ টিউটোরিয়াল মার্ক অধিক থাকার কারণে ছাত্র-ছাত্রীদের নিয়মিত বিশ্ববিদ্যালয়/কলেজে আসতে হয় এবং পড়াশুনার সাথে একটি প্রত্যক্ষ এবং নিয়মিত সম্পর্ক থাকে। কেননা, অচিঁচয়তাপূর্ণ এবং ধীর গতিসম্পন্ন শিক্ষার ব্যাপারে অনেকেই নিরুৎসাহ বোধ করেন এবং করাটাই স্বাভাবিক। দ্বিতীয়তঃ আমরা পুরাতন মার্ক বন্টন পদ্ধতিতে পরীক্ষা দেবো বলে দীর্ঘদিন প্রস্তুতি নিচ্ছি। তৃতীয়তঃ সিলেবাসে এ ধরনের কোনো দিক নির্দেশ না থাকায় এ ব্যাপারে কতগুলো আইনগত বাধাও

রয়েছে। চতুর্থতঃ যে যুক্তিতে অর্থাৎ অধিক দক্ষ এবং যথোপযুক্ত শিক্ষাদান করার উদ্দেশ্যে মার্ক কেন্দ্রীয়করণের সিদ্ধান্ত নেয়া হচ্ছে প্রকৃত শিক্ষার মান উন্নয়নে তার ভূমিকা বিতর্কিত হয়ে পড়ারই সমূহ সম্ভাবনা রয়েছে। কেননা, তার জন্য মৌখিকের ২৫ মার্কই তো ছিল যথেষ্ট। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মার্ক পুনর্বিন্যাসের জটিলতার মধ্যে অহেতুক সংশ্লিষ্ট না হয়ে বরং শিক্ষাদান পদ্ধতির উন্নয়ন ও ক্রমবিকাশের জন্য নিম্নলিখিত প্রস্তাবসমূহ সক্রিয়ভাবে বিবেচনা করে দেখার অনুরোধ জানাচ্ছি।
ক) পরীক্ষাসমূহ যাতে যথাসময়ে অনুষ্ঠিত হতে পারে তার ব্যবস্থা করুন।

খ) পরীক্ষার ফল প্রকাশে যাতে কোনো অবস্থাতেই দুই মাসের বেশী দেবী না হয় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
গ) পরীক্ষার খাতা দেখার ক্ষেত্রে আরও অধিক নিরপেক্ষতা এবং নৈব্যক্তিকতার নীতি অবলম্বন করা এবং এ ব্যাপারে আমাদের শিক্ষকদের সাথে 'টিম ওয়ার্কের' মনোভাব নিয়ে অগ্রসর হলে এ ব্যাপারে অধিক ফল পাওয়া যাবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস।
পরিশেষে বলতে চাই যে, আপনাদের 'সেমিস্টার সিস্টেমে' যেমন আশানুরূপ ফললাভে সহায়তা করছে, তেমনি আমাদের জন্যও টিউটোরিয়ালে অধিক মার্ক সংরক্ষণ

৪-এর পৃঃ দেখুন

শিক্ষাঙ্গন

৫-এর পৃষ্ঠার পর

মঙ্গলজনক। অবশ্য এ ব্যাপারে আপনাদের (বিশ্ববিদ্যালয়ের) যে আপত্তি এবং অভিযোগ নেই তা নয়। কিন্তু সেই একই অভিযোগ আপনাদের জন্যও সমভাবে প্রযোজ্য। শুধুমাত্র 'সোস্যাল সায়েন্স' বিভাগের এহেন সিদ্ধান্ত আমাদের সাধারণ ছাত্রদের মনে নানা রকম সন্দেহের জন্ম দিচ্ছে এবং আমাদের পড়াশুনার একাগ্রতা এতে মারাত্মকভাবে ক্ষুণ্ণ হচ্ছে। তাই মার্ক বন্টনের ক্ষেত্রে অহেতুক জট-জটিলতা সৃষ্টি না করে শিক্ষাদান পদ্ধতির অপরাপর বাস্তব দিগন্তে আপনাদের সদিচ্ছা এবং অভিজ্ঞতার স্বাক্ষর রাখার জন্য সবিনয় ও আকুল অনুরোধ জানাচ্ছি।

—বিভাগীয় ছাত্র-ছাত্রীদের পক্ষে—

মোহাম্মদ মুরাদ হোসেন,
রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
কলেজ, ঢাকা।